৫৫

দৈনিক সংবাদ

তারিখ JAN. 17 1999
পৃষ্ঠা ১ কলাম ১

# কলকাতা বইমেলায় সরকারি প্রতিনিধি যাচ্ছেন ৮১ জন

॥ সালাম জুবায়ের ॥

কলকাতা বইমেলায় অংশ নেয়ার জন্য সরকারি প্রতিনিধি হয়ে ৮১ জন কবি, সাহিত্যিক, শিল্পী, সাংবাদিক, প্রকাশক ও বুদ্ধিজীবী কলকাতা যাবেন। সংস্কৃতি মন্ত্রণালয় প্রতিনিধিদলের যাতায়াত ও ভ্রমণ কর খরচ এবং ২ হাজার টাকা করে 'পকেট মানি' প্রদান করবে। তবে কলকাতায় থাকা-খাওয়ার ব্যবস্থা প্রতিনিধিদের নিজেদেরই বহন করতে হবে। দলের সদস্যরা ইতোমধ্যে সরকারি অনুমতিপত্র হাতে পেয়ে গেছেন। গত ১৪ই জানুয়ারি সংস্কৃতি মন্ত্রণালয় থেকে প্রতিনিধিদলের তালিকা প্রকাশ করা হয়েছে। প্রতিনিধিদলে আছেনঃ ডঃ নীলিমা ইব্রাহীম, অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী, শামসুর রাহমান, পান্না কায়সার (সাংসদ), শামসুল আলম প্রামাণিক (সাংসদ), সৈয়দ শামসুল হক, অধ্যাপক কবীর চৌধুরী, ডঃ বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর, ডঃ সৈয়দ আনোয়ার হোসেন, ডঃ মোস্তফা নূর-উল-ইসলাম, ডঃ মোঃ মুনিরুজ্জামান, অধ্যাপক শফি আহমেদ, অধ্যাপক রফিকুল ইসলাম, ডঃ আনিসুজ্জামান, অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, সন্তোষ গুপ্ত, ডঃ মুনতাসীর মামুন,

প্রতিনিধি ঃ পৃঃ ৭ কঃ ২

## প্রতিনিধি ঃ ৮১ জন

( ১ম পৃষ্ঠার পর )

বেবী মওদুদ, কবি নির্মলেন্দু গুণ, হুমায়ূন আহমেদ, হাসান আজিজুল হক, ভাস্বর বন্দ্যোপাধ্যায়, ইমদাদুল হক মিলন, প্রজ্ঞা লাবনী, নাসরিন জাহান, রামেন্দু মজুমদার, মমতাজ উদ্দিন আহমেদ, আসাদুজ্জামান নূর, বেলাল চৌধুরী, রাবেয়া খাতুন, এম. আর আখতার মুকুল, আনোয়ারা সৈয়দা হক, কবি মুহম্মদ নূরুল হুদা, রফিক আজাদ, জাফর ইকবাল, শাহরিয়ার কবির, মইনুল আহসান সাবের, কাজী আরিফুল ইসলাম, রশীদ হায়দার, সেলিনা হোসেন, সুব্রত বড়ুয়া, রাহাত খান, রোকনুজ্জামান খান (দাদা ভাই), অসীম সাহা, মহাদেব সাহা, জাহিদুল হক, ডঃ মুহাম্মদ সামাদ, রবীন্দ্র গোপ, কাজী রোজী, ত্রিদিব দস্তিদার, রবিউল হুসাইন, শিহাব সরকার, গোলাম সারোয়ার, আসলাম সানী, লুৎফর রহমান লিটন, মোনেম সরকার, ডঃ দুর্গাদাস ভট্টাচার্য, অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, আলী যাকের, কবরী সারোয়ার, আবু জাফর সিদ্দিকী, খন্দকার মনিরুল আলম- সভাপতি, জাতীয় প্রেসক্লাব, ঢাকা, স্বপন কুমার সাহা- সাধারণ সম্পাদক, জাতীয় প্রেসক্লাব, ঢাকা, মোঃ হামিদুল ইসলাম (বিউটি বুক হাউজ), ওসমান গনি (আগামী প্রকাশনী), মেজবাহ উদ্দিন আহমেদ (আহমেদ পাবলিশিং হাউজ), মুজিবুর রহমান (বিদ্যা প্রকাশ), শিল্পী আমিনুল ইসলাম, শিল্প হাশেম খান, শিল্পী লায়লা মনসুর নাজলী, শিল্পী ঢালী আল মামুন, শিল্পী তরুণ ঘোষ, মুর্তুজা বশীর, সুবীর চৌধুরী, ফরিদা জামান, কাইয়ুম চৌধুরী, মাহবুবুল আমিন, শেখ আফজাল হোসেন।

প্রতিনিধিদলে ৩ জন সাংবাদিক (সাংস্কৃতিক রিপোর্টার) অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে তাদের নাম প্রকাশ করা হয়নি এখনো।

প্রতিনিধিদলের তালিকা সম্পর্কে আপত্তি জানিয়েছেন প্রকাশকরা। ৮১ জনের প্রতিনিধিদলে ৪ জন প্রকাশককে অন্তর্ভুক্ত করা হয়েছে। নেতৃস্থানীয় প্রকাশকদের মধ্যে মফিদুল হক ও ওসমান গনি গতকাল এই প্রতিনিধিকে বলেন, বইমেলায় প্রকাশকদের অংশগ্রহণ অত্যন্ত প্রয়োজনীয়; কারণ প্রকাশকরাই মেলা সাজিয়ে তোলেন, সেহেতু প্রতিনিধিদলে তাদের আরো বেশি সংখ্যায় অন্তর্ভুক্ত করা উচিত ছিল। তারা কমপক্ষে ২০ জন প্রকাশককে দলে অন্তর্ভুক্ত করার আহ্বান জানান।